জিইপি/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৪২, এম এম আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম

বিচারাদেশ নং ঃ ০২/২০১৯, তারিখ ঃ ০২/০৭/২০১৯ প্রেরণের তারিখ ঃ /০৭/২০১৯

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ মোঃ আজিজুর রহমান,

পদবী ঃ কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

মূল আদেশ

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

৩। আপীল আবেদনের উপর টাকা ২০০/- (দুই শত) মাত্র মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

ক) ১৮৭০ সনের কোর্ট ফি ষ্ট্যাম্প এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং

খ) আপীল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

৪। আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

৫। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪২(১) এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশিষ্ট কর্তৃপক্ষ আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

৬। লিখিত আপীল ছাড়াও আপীলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপীলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনে তা সুস্পষ্টভাবে উলেখ করতে হবে।

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ **M/s. Ofma Camp Ltd,**
Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong

খ) অনিয়ম এর বিবরণ ঃ বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য অবৈধভাবে অপসারণপূর্বক খোলাবাজারে বিক্রয়ের অভিযোগ।

মামলার প্রেক্ষাপট

৮। M/s. Ofma Camp Ltd, Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong (বন্ড লাইসেন্স নং-২২/০৯, তারিখ-০৩-০৯-২০০৯ খ্রিঃ এবং মূসক নিবন্ধন নং- পূর্বের-২৪০২১০১৯১০৫ এবং বর্তমান মূসক-০০০৫৪৫৭৫১) নামীয় প্রতিষ্ঠানের বিগত সময়ে আমদানি-রপ্তানি যাচাই করে প্রতিবেদন দেয়ার জন্য একটি কমিটি গঠন করা হয়। এ দপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটি গোপন সূত্রে পাওয়া তথ্য ও উক্ত প্রতিষ্ঠানের বিগত বছরের আমদানি রপ্তানির তথ্যের যাচাই করে প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত ১০টি বিল অব এন্ট্রির অনিয়ম খুঁজে পায় মর্মে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে কমিটি উল্লেখ করেন যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যথারীতি ভূয়া ও জাল দলিলাদি দাখিল করে বেপজা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে On-Line IP গ্রহণ করেছে। এ বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট জানতে চাইলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ লিখিতভাবে জানায় যে, যদিও আইপিগুলো বৈধভাবে তারা গ্রহণ করেছে কিন্তু উক্ত মালামালগুলো (১০টি চালান) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমদানি করেনি। প্রতিষ্ঠানের বাণিজ্যিক কর্মকর্তা জালিয়াতির মাধ্যমে এই কার্যক্রম করেছে এবং মালামাল খালাসকারী সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগ দেয়া হয়নি। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এ ধরণের বক্তব্য/মতামত গ্রহণ করার আইন ও বিধি মোতাবেক সুযোগ নেই। বৈধ আইপির ভিত্তিতে মালামালগুলো শুল্কায়ণ ও খালাস প্রদান করা হয়েছে। এতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়দায়িত্ব এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। তদন্তকারী কর্মকর্তা দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন ১৯৮(২) এর বিধান অনুযায়ী উল্লিখিত ১০টি চালানের আমদানিকৃত মালামাল সরেজমিনে পরিদর্শন করে বন্ডারের গুদামে এবং কারখানার এলাকায় তন্ন তন্ন করে তল্লাশি

Scanned by CamScanner

| Sl No | B/E & Date | IP No | Description of Goods | Qty (Kg) | Deducted Value (USD) | C& F Agent Name |
|---|---|---|---|---|---|---|
| 8 | C-61149, Dt: 28.03.17 | III1303170100130317 | Fabrics | 23300 | 38991.05 | |
| 9 | C-37783, Dt: 22.02.17 | III1902175092190217 | 100% Poly | 25450 | 25450.00 | MS Rupa Enterprise, Halishara E/A, Ctg |
| 10 | C-51076, Dt: 13.03.17 | III1203218969712031 | 100% Poly | 25775 | 25775.00 | Ms Prime Marketing Co, South Khulshi, Ctg |
| | | Total= ১০টি চালান = | | 229510.10 | 2,78,319.50 | |

১০। উপরোক্ত ১০টি বিল অব এন্ট্রিতে জড়িত রাজস্বের বিবরণ নিম্নরূপ ঃ-

| SL | B/E NO DATE | NAME OF GOODS | H.S CODE | QTY (KG) | PER UNIT VALUE (USD) | ASS. VALUE (BDT) | ASS. VALUE WITH LOADING | CD 25% | RD 3% | SD 20% | VAT 15% | AIT 5% | ATV 4% | Total Amount of Duty |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | C-158800 06 08 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 54076100 | 20388 60 | $ 3 00 | 5,000,304 15 | 5,100,310 23 | 1,275,077 56 | 153,009 31 | 1,305,679 42 | 1175111 48 | 255,015 51 | 396936 989 | 4,560,830 2 |
| 2 | C-180175 05 09 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 54076100 | 26234 | $ 3 00 | 6,433,888 50 | 6,562,566 27 | 1,640,641 57 | 196,876 99 | 1,680,016 97 | 1512015 27 | 328,128 31 | 510738 5975 | 5,8[illegible]8,417 7 |
| 3 | C-193572 26 09 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 54076100 | 12558 | $ 3 00 | 3,079,849 50 | 3,141,446 49 | 785,361 62 | 94,243 39 | 804,210 30 | 723789 27 | 157,072 32 | 244486 3653 | 2,809,163 2 |
| 4 | C-203865 12 10 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 54076100 | 20873 | $ 3 00 | 5,118,207 80 | 5,220,571 95 | 1,305,142 99 | 156,617 16 | 1,336,466 42 | 1202819 78 | 261,028 60 | 406296 4835 | 4,668,371 4 |
| 5 | C-70171 09 04 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 54076100 | 25295 | $ 3 00 | 6,083,988 81 | 6,205,668 59 | 1,551,417 15 | 186,170 06 | 1,588,651 16 | 1429786 04 | 310,283 43 | 482962 6615 | 5,549,270 5 |
| 6 | C-51329 14 03 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 60019200 | 23636 5 | $ 3 00 | 5,658,237 73 | 5,771,402 49 | 1,442,850 62 | 173,142 07 | 1,477,479 04 | 1329731 13 | 288,570 12 | 449165 4471 | 5,160,938 4 |
| 7 | C-51327 14 03 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 54076100 | 26000 | $ 3 00 | 6,224,025 60 | 6,348,506 11 | 1,587,126 53 | 190,455 18 | 1,625,217 56 | 1462695 81 | 317,425 31 | 494079 1414 | 5,676,999 5 |
| 8 | C-61149 28 03 17 | Pile Fabric Of Man Made Fibres, Nes, Knitted or Crucheted Pollard Flees Fabrics | 60019200 | 23300 | $ 3.00 | 5,577,684 48 | 5,689,238 17 | 1,422,309 54 | 170,677 15 | 1,456,444 97 | 1310800 47 | 284,461 91 | 442770 9229 | 5,087,464 9 |
| 9 | C-37783 22 02 2017 | Other Woven Fabircs of Polyester | 55131300 | 25450 | $ 3 00 | 6,067,274 91 | 6,188,620 41 | 1,547,155 10 | 185,658 61 | 1,584,286 82 | 1425558 14 | 309,431 02 | 481635 8689 | 5,534,025 5 |
| 10 | C-51076 13 03 17 | Other Woven Fabircs fo synthetic Yarn | 54076100 | 25775 | $ 3 00 | 6,170,163 84 | 6,291,567 12 | 1,573,391 78 | 188,807 01 | 1,611,153 18 | 1450037 86 | 314,678 36 | 489803 4565 | 5,627,871.6 |
| | | | | | | | 56,521,897.83 | 14,130,474.46 | 1,695,656.93 | 14,469,605.85 | 13022645.26 | 2,826,094.89 | 4398875.934 | 50,543,353 |

১১। শুল্ক মূল্যায়ন বিধিমালা-২০০০ মোতাবেক ডাটা বেইজ মূল্য তথ্য সংগ্রহ করে দেখা যায়, বিগত ৩ মাসের প্রতি কেজি পণ্যের সর্বনিম্ন মূল্য ছিল ৩.০০ মার্কিন ডলার ও সর্বোচ্চ ৬-৭.০০ মাঃ ডঃ। সর্বনিম্ন ৩.০০ মাঃ ডঃ হিসেবে উপরোক্ত ১০ বিল অব এন্ট্রির মাধ্যমে খালাসকৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য ৫,৬৫,২১,৮৯৭.৮৩ (পাঁচ কোটি পঁয়ষট্টি লক্ষ একুশ হাজার আটশত সাতানব্বই দশমিক আট তিন) টাকা ও জড়িত রাজস্ব ৫,০৫,৪৩,৩৫৩.৩২ (পাঁচ কোটি পাঁচ লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত তিপ্পান্ন দশমিক তিন দুই) টাকা।

১২। আলোচ্য প্রতিষ্ঠান M/s. Ofma Camp Ltd, Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong বন্ড সুবিধায় আমদানিকৃত ২,২৯,৫১০,১০ কেজি কাপড় আমদানি করে অবৈধভাবে খোলা বাজারে পাচার করেছে। যা The Customs Act, 1969 এর ধারা ১৩(২)(বি) এবং একই আইনের ধারা ৮৭, ৮৮, ৯৭ এর সঙ্গে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি বন্ডার কর্তৃক বন্ড লাইসেন্সের পালনীয় শর্তাবলীর শর্ত নং-২ ও ৫ এর সুস্পষ্ট লংঘন এবং The Customs Act, 1969 এর Section 13(3)(A)(B) ও একই আইনের ধারা 156(1) এর টেবিলের দফা 14, 51, 51(A), 61, 62 & 90 মোতাবেক শাস্তিযোগ্য, একই আইনের Section 13(3) প্রদত্ত ক্ষমতাবলে বন্ড লাইসেন্স বাতিলযোগ্য এবং Section 111 মোতাবেক ফাকিকৃত রাজস্ব বাবদ ৫,০৫,৪৩,৩৫৩.৩২ (পাঁচ কোটি পাঁচ লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত তিপ্পান্ন দশমিক তিন দুই) টাকা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য হওয়ায় তদন্তকারী কর্মকর্তাগণ আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে রাস্ব ফাঁকির মামলা নং-১২/২০১৮, তাং-১৭/০৯/২০১৮ খ্রিঃ দায়ের করেন।

**কারণ দর্শানো নোটিশ জারী**

১৩। আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলা নং-১২/২০১৮, তাং-১৭/০৯/২০১৮ খ্রিঃ এর প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নথি নং-এস ১/৬০/কেইপিজেড/Ofma/ তদন্ত/ কাবক/ ২০১৮/ ২৮১, তারিখ- ২৩.০৯.২০১৮খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানের অনুকূলে কারন দর্শানো নোটিশ জারী করা হয়।

**লিখিত জবাব দাখিল**

১৪। এ দপ্তর হতে জারীকৃত কারন দর্শানো নোটিশের প্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ গত ০৯.১০.২০১৮খ্রিঃ তারিখে জবাব প্রদান করেন। উক্ত জবাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করেন যে, মামলায় উল্লিখিত ১০টি বিল অব এন্ট্রির মধ্যে একটি বি/ই নং সি-৫১০৭৬, তারিখ-১৩.০৩.২০১৭খ্রিঃ তাদের অন্তর্ভুক্ত নয় যা ভুলক্রমে কারন দর্শানো নোটিশে প্রদর্শন করা হয়েছে এবং এ সংক্রান্ত আমদানি দলিলসমূহ তাদের নয়। সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টও প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত নয় এবং এ প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক এ সংক্রান্ত কোন মূল্য



Scanned by CamScanner

পরিশোধ করেনি। দুর্ভাগ্যবশতঃ বেপজা উক্ত প্রতিষ্ঠানের নামে আইপি ইস্যু করে। সুতরাং আইপি ইস্যুর সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য প্রতিষ্ঠান লিখিত জবাবে উল্লেখ করেন। প্রতিষ্ঠান এ বিষয়ে মেট্রোপলিটন মেজিস্ট্রেট আদালত, চট্টগ্রাম -এ একটি পিটিশন দায়ের করে এবং বন্দর থানায় একটি মামলা দায়ের করে, যার নং- ২৪, তারিখঃ ২০.০৯.২০১৮। বর্তমানে এ সংক্রান্ত অভিযোগে একজন অভিযুক্ত পুলিশের হাতে আটক হয়েছে এবং বিষয়টি আদালতের অধীন তদন্তাধীন/বিচারাধীন রয়েছে। তাছাড়া প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত মামলার বিপরীতে শুনানী গ্রহণে আগ্রহী মর্মে কারন দর্শানো নোটিশের জবাবে উল্লেখ করেন।

## শুনানী গ্রহণ

১৫। M/s. Ofma Camp Ltd, Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong নামীয় প্রতিষ্ঠানটির অনুকূলে উক্ত মামলার নিস্পত্তির লক্ষ্যে এ দপ্তরের পত্র নথি নং-এস ১/৬০/কেইপিজেড/ Ofma/ তদন্ত/ কাবক/ ২০১৮/ ৬১৩৮, তারিখ- ১৬.১০.২০১৮খ্রিঃ তারিখের মাধ্যমে ৩০.১০.২০১৮খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় শুনানীতে উপস্থিত হওয়ার জন্য প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়। নির্দিষ্ট তারিখ ও সময়ে প্রতিষ্ঠানের Managing Director Mr. Beyong Jeon শুনানীতে উপস্থিত হয়ে কারন দর্শানো নোটিশের জবাবের পুনরাবৃত্তি করেন এবং নিম্নোক্ত বক্তব্য পেশ করেনঃ

> " Last of all he said that we respect the Bangladeshi Rules and regulation and invested as useal. We will continues the business with the same attitude. Still we doing the being investment. He said we already invested 2.5 million US$ in 2018. So he again said, court will judge who is guilty, and who is not".

## পর্যালোচনা

১৬। নথি যথাযথভাবে পর্যালোচনা করে দেখা হলো। এতে দেখা যায় যে, M/s. Ofma Camp Ltd, Chittagong প্রতিষ্ঠানটির ১০ টি আমদানি বিল অব এন্ট্রির অনিয়ম পাওয়া যায় জানায়। উক্ত ১০ টি বি/ই এর আমদানি তথ্য যাচাইকালে দেখা যায় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যথারীতি ভূয়া ও জাল দলিলাদি দাখিল করে বেপজা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে Online এ I.P গ্রহণ করেন। এ বিষয়ে প্রতিষ্ঠানের নিকট জানতে চাওয়া হলে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ লিখিতভাবে জানান যে, যদিও আইপি গুলো বৈধভাবে গ্রহণ করা হয়েছে কিন্তু উক্ত মালামালগুলো (১০টি চালান) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমদানি করেনি। প্রতিষ্ঠানের বাণিজ্যিক কর্মকর্তা জালিয়াতির মাধ্যমে এই কার্যক্রম করেছে বলে জানান। আইন ও বিধি মোতাবেক প্রতিষ্ঠানের এ ধরনের মতামত গ্রহণ করার সুযোগ নেই। কারণ প্রতিষ্ঠানটির বৈধ আইপির ভিত্তিতে মালামালগুলো শুল্কায়ন এবং খালাস প্রদান করা হয়। এতে তাদের দায়িত্ব এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। প্রতিষ্ঠানটি বন্ড সুবিধায় আমদানিকৃত কাপড় দিয়ে পোষাক প্রস্তুত করে বিদেশে রপ্তানির কথা থাকলেও এক্ষেত্রে উক্ত চালানসমূহের মাধ্যমে ২,২৯,৫১০.১০ কেজি কাপড় (ফেব্রিক্স) আমদানি করে অবৈধভাবে খোলা বাজারে পাচার করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। যার পণ্যের শুল্কায়নযোগ্য মূল্যঃ ৮ ৫,৬৫,২১,৮৯৭.৮৩ (পাঁচ কোটি পয়ষট্টি লক্ষ একুশ লক্ষ আটশত সাতানব্বই দশমিক আট তিন) টাকা এবং শুল্ক করাদির পরিমাণ ৫,০৫,৪৩,৩৫৩.৩২ (পাঁচ কোটি পাঁচ লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত তিপ্পান্ন দশমিক তিন দুই) টাকা ফাঁকি দেয়ার চেষ্টা করা হয়েছে বিধায় এতদবিষয়ে কর্মকর্তাগণ একটি রাজস্ব ফাঁকির মামলা নং-১২/২০১৮, তারিখ : ১৭/০৯/২০১৮খ্রিঃ এ দপ্তরে দাখিল করেন। M/s. Ofma Camp Ltd, Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong উক্তরূপ কর্মকান্ডের জন্য The Customs Act, 1969 এর Section, 62, 90, 94, 104, 105, 157 ও 168 এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলির শর্ত নং-২ ও ৫ সুস্পষ্ট লংঘন, যা The Customs Act, 1969 এর Section 156 এর টেবিলভুক্ত উপধারা (1) এর টেবিলের দফা 51, 52(A), 54, 58, 61, 62, 89, 90 & 94 মোতাবেক শাস্তিযোগ্য বিধায় এ দপ্তরের পত্র নথি নং-এস ১/৬০/কেইপিজেড/Ofma/ তদন্ত/ কাবক/ ২০১৮/ ২৮১, তারিখ- ২৩.০৯.২০১৮খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানের অনুকূলে কারন দর্শানো নোটিশ জারী করা হয়। এ দপ্তর হতে প্রেরিত কারন দর্শানো নোটিশের প্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ গত ০৯.১০.২০১৮খ্রিঃ তারিখে জবাব প্রদান করেন। উক্ত জবাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করেন যে, মামলায় উল্লিখিত ১০টি বিল অব এন্ট্রির মধ্যে একটি বি/ই নং সি-৫১০৭৬, তারিখ-১৩.০৩.২০১৭খ্রিঃ তাদের অন্তর্ভূক্ত নয় যা ভুলক্রমে কারন দর্শানো নোটিশে প্রদর্শন করা হয়েছে। উক্ত বি/ই এ দপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক যাচাই করে দাবীনামায় উল্লিখিত সমুদয় রাজস্ব হতে বি/ই এর পরিমাণ বাদ দিলে মোট মালামালের (কাপড় (ফেব্রিক্স) পরিমাণ দাড়ায় ২,০৩,৭৩৫.১০ কেজি এবং এর বিপরীতে শুল্ক করাদির পরিমাণ দাড়ায়- ৪,৪৯,১৫,৪৮১.৬৭ (চার কোটি উনপঞ্চাশ লক্ষ পনের হাজার চারশত একাশি দশমিক সাতষট্টি) টাকা। যেহেতু প্রার্থিত বিষয়াদির ক্ষেত্রে দি কাস্টমস এ্যাক্ট ১৯৬৯ এর আলোকে প্রতিকারের আইনানুগ ভিত্তি রয়েছে বিধায় এবং আবেদনে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের কারন দর্শানো নোটিশের জবাব আবেদন আমলে নিয়ে মামলাটি নিস্পত্তির লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো।

## আদেশ

১৭। M/s. Ofma Camp Ltd, Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong প্রতিষ্ঠান কর্তৃক ৯টি বিল অব এন্ট্রির মাধ্যমে বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য অবৈধভাবে খোলা বাজারে বিক্রয়ের অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমানিত ও প্রতিষ্ঠিত হওয়ায় দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১১১ মোতাবেক জড়িত রাজস্ব বাবদ ৪,৪৯,১৫,৪৮১.৬৭ (চার কোটি উনপঞ্চাশ লক্ষ পনের হাজার চারশত একাশি দশমিক সাতষট্টি) টাকা পরিশোধের নির্দেশ দেয়া হলো।




Scanned by CamScanner

১৮। M/s. Ofma Camp Ltd, Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong প্রতিষ্ঠান কর্তৃক ৯টি বিল অব এন্ট্রির মাধ্যমে বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য অবৈধভাবে খোলা বাজারে বিক্রয়ের মাধ্যমে The Customs Act, 1969 এর ধারা ১৩(২)(বি) এবং একই আইনের ধারা ৮৭, ৮৮, ৯৭ এর সঙ্গে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি বন্ডার কর্তৃক বন্ড লাইসেন্সের পালনীয় শর্তাবলীর শর্ত নং-২ ও ৫ এর সুস্পষ্ট লংঘন করায় The Customs Act, 1969 এর Section 156 এর টেবিলভুক্ত উপধারা (1) এর টেবিলের দফা 51, 52(A), 54, 58, 61, 62, 89, 90 & 94 মোতাবেক ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) টাকা অর্থদন্ড আরোপ করা হলো। আরোপিত অর্থদন্ড ও জড়িত রাজস্বসহ সর্বমোট ৬,৪৯,১৫,৪৮১.৬৭ (ছয় কোটি উনপঞ্চাশ লক্ষ পনের হাজার চারশত একাশি দশমিক সাতষট্টি) টাকা এ আদেশ জারীর ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগাড়ে জমা প্রদান পূর্বক ট্রেজারী চালানের মূল কপি এ দপ্তরে দাখিলের নির্দেশ দেয়া হলো।

(স্বাক্ষরিত)
(মোঃ আজিজুর রহমান)
কমিশনার
ফোন- ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইল- www.cbcctg@yahoo.com

নথি নং-এস ১/৬০/কেইপিজেড/Ofma/তদন্ত/কাবক/২০১৮/ ৬০১ (এ)

তারিখ- ০৫/০৭/২০১৯ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২। দ্বিতীয় সচিব (শুল্ক রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপ-কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, সিইপিজেড, চট্টগ্রাম।
৪। জেনারেল ম্যানেজার, বেপজা সিইপিজেড, চট্টগ্রাম।
৫। সহকারী প্রোগামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৬। পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। ব্যবস্থাপনা পরিচালক, M/s. Ofma Camp Ltd, Plot No-58-62, Sector-01, KEPZ, Chittagong
৮। অফিস কপি।

(স্বাক্ষরিত) ০১.০৭.১৯
(মোঃ সাইফুর রহমান)
উপ কমিশনার
কমিশনারের পক্ষে
কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম



Scanned by CamScanner